গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক নং ০৫.৫০.১০২৭.০০০.১৩.০০৩.২৬- ৩১

তারিখ: ২১ পৌষ, ১৪৩২ / ০৫ জানুয়ারি, ২০২৬

## সরকারি জলমহাল ইজারার অনলাইনে দরপত্র/আবেদনপত্র আহবানের বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতিসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা'র ২৩ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকপত্র মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী শেরপুর উপজেলার সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত) শর্তসাপেক্ষে বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনের লিংক jm.lams.gov.bd- এ প্রবেশ করে আগামী ১৫ জানুয়ারি, ২০২৬ হইতে ২৯ জানুয়ারি, ২০২৬ খ্রি. তারিখ বাংলা ০১ মাঘ হতে ১৫ মাঘ, ১৪৩২ সনের মধ্যে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন করতে হবে। অন্যান্য তথ্যাদি ও জলমহালসমূহের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), শেরপুর, বগুড়া এর কার্যালয় হতে জানা যাবে। উল্লেখ্য যে, উক্ত জলমহালের তফসিল, আয়তন, জলমহালের বাস্তব অবস্থান মামলা সংক্রান্ত তথ্য সম্পর্কে সম্পূর্ণ অবগত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ইজারা প্রাপ্তির পর কোন ধরণের দাবী/আপত্তি গ্রহণযোগ্য হবে না।

### বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সনের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | পূর্বের মূল্য | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | হাসড়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৪৩২/৭১ | ০.৭২ | ৮,৭১৫ | ৯,১৫১ | |
| ২ | চক সিংড়া | কুসুম্বী | কাশিপাড়া | ১৭৪/২৭৮ | ০.৫৩ | ১১,০২৫ | ১১,৫৭৬ | |
| ৩ | নালুকাগাড়ী | কুসুম্বী | মদনগাড়ী | ১৪৮/২৮১ | ০.৫৬ | ১৪,০৭০ | ১৪,৭৭৪ | |
| ৪ | শুভগাড়ী/গফুগাড়ী | কুসুম্বী | কেল্লা | ২৩০ | ০.৪৯ | ২,৬২৫ | ২,৭৫৬ | ৭০/২০ নং মামলা চলমান |
| ৫ | ধাওয়াপাড়াপুকুর | কুসুম্বী | ধাওয়াপাড়া | ৭৯৯/১১১৪ | ১.২১ | ১৩,৮৬০ | ১৪,৫৫৩ | |
| ৬ | কুন্দলগাড়ী | কুসুম্বী | আমইন | ৫৭৪ | ০.৪৬ | ২,৬২৫ | ২,৭৫৬ | |
| ৭ | কোচারগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩৯৪ | ০.৩৮ | ১২,৭৩৩ | ১৩,৩৭০ | |
| ৮ | বটগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৭৫ | ০.৬৪ | ১০,০৮০ | ১০,৫৮৪ | |
| ৯ | টিয়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ২৬৬ | ০.৫১ | ৮,০৯৫ | ৮,৫০০ | |
| ১০ | কামালগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১২২ | ০.৪৫ | ৮,৫০৯ | ৮,৯৩৪ | |
| ১১ | ধনতলা | কুসুম্বী | তাঁতড়া | ৩৩০ | ০.৪৯ | ৮,৪৯৬ | ৮,৯২১ | |
| ১২ | চিত্রাগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১৪৭ | ০.৫১ | ৯,৭৪৪ | ১০,২৩১ | |
| ১৩ | কাজিহাটা | কুসুম্বী | আকরামপুর | ১৬৪/১১৪ | ৩.২৭ | ৪৫,৭২৯ | ৪৮,০১৫ | ০৩/১৬ নং মামলা চলমান |
| ১৪ | ডাবরগাড়ী | কুসুম্বী | দারুগ্রাম | ৬০৬/৯৯৭৯ | ০.৬৮ | ২,৩২০ | ২,৪৩৬ | |
| ১৫ | উত্তর পৈচুল | কুসুম্বী | উত্তর পৈচুল | ৩৬২ | ০.৮ | ৫,১২৫ | ৫,৩৮১ | |
| ১৬ | কুসুম্বী পুকুর | কুসুম্বী | কুসুম্বী | ৫৬৪ | ০.২৪ | ২,৫০০ | ২,৬২৫ | |
| ১৭ | উচলবাড়িয়া | কুসুম্বী | উচলবাড়িয়া | ৬২৯/৭২৩ | ০.৬৬ | ৭,৫৫১ | ৭,৯২৯ | |
| ১৮ | ছোট শীতলাই | কুসুম্বী | লক্ষীকোলা | ১৭১ | ০.৩২ | ১২,৫০০ | ১৩,১২৫ | |
| ১৯ | পান্তাগাড়ী | কুসুম্বী | লক্ষীকোলা | ১২২ | ০.৩২ | ১২,৫০০ | ১৩,১২৫ | |
| ২০ | হাড়ীগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩২৫ | ০.৫২ | ৬,০০০ | ৬,৩০০ | |
| ২১ | দামুয়া | কুসুম্বী | কেল্লা | ২৮৩/৪২১ | ১.১৩ | ৮,৬৯১ | ৯,১২৬ | ৮৩/২০১১ অন্য মামলা চলমান |
| ২২ | ধুমাতলা | খানপুর | গোপালপুর | ৩৫৭২ | ০.৯৫ | ১৯,০০০ | ১৯,৯৫০ | |
| ২৩ | বিল | গাড়িদহ | পাইকপাথালিয়া | ২১২৮/৫৬২৯ | ১.৮১ | ৪,১৫৮ | ৪,৩৬৬ | ১২২/১৪ নং মামলা চলমান |
| ২৪ | বিল | গাড়িদহ | পাইকপাথালিয়া | ১০৮০/১৯৮০ | ১.২৭ | ৬,১১৪ | ৬,৪২০ | ১২২/১৪ নং মামলা চলমান |
| ২৫ | তেলিপুকুর | বিশালপুর | তেঘরী | ১৬৬ | ১.৬৯ | ১৪,৮০৫ | ১৫,৫৪৫ | |
| ২৬ | তাড়াটগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ১০০৬/২৮৩ | ০.৪১ | ২,৫০০ | ২,৬২৫ | ৭৪/২০১৯ অন্য মামলা চলমান |
| ২৭ | চেংগাড়ী | বিশালপুর | কহিতকুল | ৩০৯ | ০.৮৬ | ৪১,৩০৮ | ৪৩,৩৭৩ | |
| ২৮ | ভুটিয়াগাড়ী | বিশালপুর | ভাদার | ১২৪ | ০.৪৫ | ১২,০১০ | ১২,৬১১ | |

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | পূর্বের মূল্য | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৯ | হালালিয়াগাড়ী | বিশালপুর | কামালখী | ৮৭ | ০.৩৩ | ৩,২৫৫ | ৩,৪১৮ | |
| ৩০ | মহিষাগাড়ী | বিশালপুর | কামালখী | ২৫ | ০.৫৫ | ৬,১১০ | ৬,৪১৬ | |
| ৩১ | বাড়ীতলা | বিশালপুর | উদগ্রাম | ১৪১ | ০.৪৫ | ১,২১০১ | ১২,৭০৬ | ৭৯/০৭ নং মামলা চলমান |
| ৩২ | নৌকাগাড়ী | বিশালপুর | ভাদার | ২১৬/৩৭১ | ৩.৬১ | ১৮,২২৭ | ১৯,১৩৮ | |
| ৩৩ | চামতাগাড়ী | বিশালপুর | তেঘরি | ৫০৬/৩৯ | ০.৮৪ | ৯,১৩৫ | ৯,৫৯২ | |
| ৩৪ | নলুয়াগাড়ী | বিশালপুর | ভাদার | ৩১০/৪৭৮ | ০.৬ | ৬,৮৫০ | ৭,১৯৩ | |
| ৩৫ | বোয়ালমাড়ি | বিশালপুর | বিরাকৈর | ২৩৪ | ০.৭৬ | ৩,৫০০ | ৩,৬৭৫ | নালিশী জলমহালে ৩০/২৩ নং অন্য মোকর্দমা চলমান এবং অন্তর্বর্তী নিষেধাজ্ঞা বিদ্যমান |
| ৩৬ | হাঁসড়াগড়ী | বিশালপুর | বেওড়াপাড়া | ২৪৫ | | ৬,৫০০ | ৬,৮২৫ | |
| ৩৭ | তরফদার | বিশালপুর | সিরাজনগর | ৩৫২ | ১.৬৭ | ১৫,৯৫০ | ১৬,৭৪৮ | |
| ৩৮ | বড়পুকুর | ভবানীপুর | আটাইল | ২৮৬ | ৯.২৮ | ৩,৪০,০০০ | ৩৫,৭০০০ | ৫৩/১৯ নং মামলা চলমান |
| ৩৯ | শৈল্যাপুকুর | ভবানীপুর | তেরাইল | ৫৭৮ | ০.৬৫ | ৮,৫০০ | ৮,৯২৫ | |
| ৪০ | সুবর্ণহার | ভবানীপুর | সুবর্ণহার | ৩৪৭ | ০.৬৬ | ৫,৭৭৫ | ৬,০৬৪ | ৩৯/২০০২ নং অন্য মামলা চলমান |
| ৪১ | কাশারিয়াপুকুর | ভবানীপুর | আমিনপুর | ১২৬৫ | ৩.৮৪ | ৩৬,৪৪৪ | ৩৮,২৬৬ | ২৯৪/১৭ নং মামলা চলমান |
| ৪২ | কদিমুকুন্দ | মির্জাপুর | কদিমুকুন্দ | ৫৬৪/১০২৪ | ২.৩৪ | ১৯,৫০০ | ২০,৪৭৫ | |
| ৪৩ | চকগোলাম | সীমাবাড়ি | কালিয়াকৈর | ১০৫ | ০.৬৯ | ৪,৪২০ | ৪,৬৪১ | |
| ৪৪ | তুলশিগাড়ী | বিশালপুর | ভাদাড় | ১৫০ | ০.১৫ | ১৯,৫১৫ | ২০,৪৯১ | |
| ৪৫ | দিঘিনালা | কুসুম্বী | কুসুম্বী | ১৩৯ | ০.৭৬ | ১০,২৬১ | ১০,৭৭৪ | |
| ৪৬ | নাইয়ার পুকুর | ভবানীপুর | ভবানীপুর | ৫২৪ | ২.০৬ | - | ৫৯৯০০ | |
| ৪৭ | দড়িখাগা পুকুর | খানপুর | দড়িখাগা | ২৪৬ | ৪.৩ | - | ৬৪,৫০০ | |
| ৪৮ | ভসতার পুকুর | খানপুর | গোপালপুর | ৫১৭৫ | ৩.১৪ | - | ৩২,৪০০ | |
| ৪৯ | মথুরাপুকুর | গাড়ীদহ | মাগুরগাড়ী | ৩৪৪/৩৪৫ | ১.৯৬ | - | ২৫,৯০০ | |
| ৫০ | সড়াল | বিশালপুর | পাঁচদেউলী | ১২,১৯,২১ | ৮.৬ | ৩৭,০৪৪ | ৩৮,৮৯৬ | |
| ৫১ | পদ্মপুকুর | কুসুম্বী | ক্ষিকিন্দা | ৬৭৪ | ২.০৫ | ২১,০০০ | ২২,০৫০ | |
| ৫২ | দিঘী | বিশালপুর | উদগ্রাম | ৯৬ | ৬.৫৮ | ৪৫,০০০ | ৪৭,২৫০ | |
| ৫৩ | শ্মশানগাড়ী | বিশালপুর | তেঘরি | ৬০৬/২২৭৮ | ০.৮৪ | ২০,০০০ | ২১,০০০ | |
| ৫৪ | মতিহার | বিশালপুর | কামাল খাঁ | ৯৬ | ১.৫৪ | ৫৫,০০০ | ৫৪,৭৫০ | |
| ৫৫ | চরপুকুর | কুসুম্বী | পুকুরিয়াপাড়া | ৩৫৩ | ১.০৯ | ১৫,০০০ | ১৫,৭৫০ | |
| ৫৬ | চোধুরী | বিশালপুর | দোয়ালসাড়া | ৪৪২/৫২৯ | ২.৮০ | ১৩,৫০০ | ১৪,১৭৫ | |
| ৫৭ | পদ্মপুকুর | কুসুম্বী | বাঁশবাড়িয়া | ২৯৮/৪৫৪ | ২.৩০ | ৬৩,০০০ | ৬৬,১৫০ | |
| ৫৮ | মায়াগাড়ী | ভবানীপুর | আমিনপুর | ৫০১ | ১.৯৩ | ৭৩,২৫০ | ৭৬,৯১৩ | |
| ৫৯ | পশ্চিম নাইশিমুল | বিশালপুর | পশ্চিম নাইশিমুল | ১৩০/৩১৮ | ১.৮৬ | ১২,৫০০ | ১৩,১২৫ | |
| ৬০ | নসুরা | বিশালপুর | বিশালপুর | ৪১৪ | ২.১২ | ১৬,০০০ | ১৬,৮০০ | |
| ৬১ | অন্দপুকুর | সীমাবাড়ি | সেনবামুনিয়া | ২৮ | ১.৭০ | ৬৭,৫০০ | ৭০,৮৭৫ | |
| ৬২ | ঘোলাগাড়ী | বিশালপুর | বেওড়াপাড়া | ৬১৮ | ০.৬৮ | ২২,৫০০ | ২৩,৬২৫ | |
| ৬৩ | শীতলাই | বিশালপুর | তেঘরি | ১৬০ | ১.৫২ | ৩৫,০০০ | ৩৬,৭৫০ | |
| ৬৪ | বেলাল | বিশালপুর | ভাদার | ৩৪৩/৫৩২ | ৩.৬১ | ২৪,০০০ | ২৫,২০০ | |
| ৬৫ | বড়পুকুরিয়া | বিশালপুর | সিংড়াপাড়া | ৫৪৩/৬৫৭ | ৩.২৩ | ৬৫,০০০ | ৬৮,২৫০ | |
| ৬৬ | বুড়ি | বিশালপুর | কহিতকুল | ৩৪৬/৫৮৩ | ২.৯৫ | ২২,৫০০ | ২৩,৬২৫ | |
| ৬৭ | কুমারগাড়ী | কুসুম্বী | আমইন | ৩৯২ | ০.৪৯ | ৫৫১০ | ৫,৭৮৬ | |
| ৬৮ | ননিয়া | কুসুম্বী | কেল্লা | ২৭৯/৪১৪ | ৪.৩০ | ৫৫,০০০ | ৫৭,৭৫০ | |
| ৬৯ | তালপুকুরিয়া | কুসুম্বী | টুনিপাড়া | ৪৬৪/৫২৩ | ২.৪৭ | ৬০,০০০ | ৬৩,০০০ | |
| ৭০ | তালদিঘী | সীমাবাড়ি | রুরোয়া | ৩২৭/৬৮,৮২৭/৩৬ ৫৮১/১৫,৮১৬/১৯ | ১.৩৮ | ৬৮,৫০০ | ৭১,৯২৫ | |
| ৭১ | জয়লাদহ | সুঘাট | জয়লাজুয়ান | ২৩১ | ৩.৪০ | ৫২,৫০০ | ৫৫,১২৫ | |
| ৭২ | ঘোড়াপোতা | মির্জাপুর | ভাদড়া | ১৫১২ | ৪.২৫ | ৪০,০০০ | ৪২,০০০ | |
| ৭৩ | মন্ডপ | বিশালপুর | তেঘরি | ৫৩৮/২২৬৩ | ১.৫০ | ৪২,৫০০ | ৪৪,৬২৫ | |

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | পূর্বের মূল্য | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭৪ | মুক্তারপুকুর | বিশালপুর | তেঘরি | ৬২০ | ৩.১৫ | ৮০,০০০ | ৮৪,০০০ | |
| ৭৫ | পদ্মপুকুর | বিশালপুর | বেওড়াপাড়া | ৬২৭ | ৩.০৩ | ১৫,০০০ | ১৫,৭৫০ | |
| ৭৬ | জোড়পুকুর | ভবানীপুর | আমিনপুর | ১৩৮২ | ২.৯১ | ২০,০০০ | ২১,০০০ | |
| ৭৭ | নয়াদহ | সুঘাট | গুয়াগাছি | ৪৬৫ | ২.৮৭ | ৫২,৫০০ | ৫৫,১২৫ | |
| ৭৮ | রাধুপুকুর | বিশালপুর | কহিতকুল | ২২৫ | ১.৯০ | ৬২,৫০০ | ৬৫,৬২৫ | |
| ৭৯ | শিববাড়ী | বিশালপুর | বেওড়াপাড়া | ২৪০ | ১.৪০ | ৮,০০০ | ৮,৪০০ | |
| ৮০ | বুলাইগী | বিশালপুর | বিশালপুর | ৬৩২ | ৩.৩৫ | ১৫,০০০ | ১৫,৭৫০ | |
| ৮১ | বড়দাম | বিশালপুর | বিরাকৈর | ৩১৯ | ১.৩২ | ৪,০০০৫ | ৪২,০০৫ | |
| ৮২ | শিতলাই | ভবানীপুর | ভবানীপুর | ৪৯৮ | ০.৮২ | ২৫,৫৫০ | ২৬,৮২৮ | |
| ৮৩ | দুলুকপুকুর | কুসুম্বী | তাঁতড়া | ৩৬৭/৪৫৮ | ০.৭৮ | ৭,৮৭৫ | ৮,২৬৯ | |
| ৮৪ | আন্দোলনগাড়ী | কুসুম্বী | মাদলবাড়ী | ২৪২/৪৭৭ | ০.৫২ | ৬,৬১৫ | ৬,৯৪৬ | |
| ৮৫ | কালিঠুকুর | বিশালপুর | বেওড়াপাড়া | ৭৩৬/১৪৬৬ | ২.২৪ | ৩৩,৬০০ | ৩৫,২৮০ | |
| ৮৬ | ডোবা চরকগাড়ী | বিশালপুর | বামিহালি | ১১৫/৫৩৪ | ০.৯৯ | ২৭,৩০০ | ২৮,৩০০ | |
| ৮৭ | শিতলাই | বিশালপুর | ভাদাইকুড়ি | ২৬১/৪৮৬ | ১.৩১ | ২২,০৫০ | ২৩,০৫০ | |
| ৮৮ | বটপুকুরিয়া | খামারকান্দি | খামারকান্দি | ২৫২০ | ০.৬০ | ৩৬,৭৫০ | ৩৮,৫৮৮ | |
| ৮৯ | আমবাড়িয়া | বিশালপুর | বিরাকৈর | ২৬৯/১২৮ | ০.৮৯ | ১৫,৭৫০ | ১৬,৫৩৮ | |
| ৯০ | দুর্গাদহ | মির্জাপুর | কাশিয়াবালা | ২৮০ | ২.১০ | ৫২,৫০০ | ৫৫,১২৫ | |
| ৯১ | নিমকুড়ি | বিশালপুর | বিশালপুর | ৮২৯ | ২.৪৮ | ৬,১৯৫ | ৬,৫০৫ | |
| ৯২ | আকাশিদহ | খানপুর | খানপুর | ৩৬৫৩ | ৫.১৯ | ৫৬,৩১০ | ৫৯,১২৬ | |
| ৯৩ | পাশারগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩১২/৬৪২ | ১.০৬ | ২,৭৮৫ | ২,৯২৪ | |

(বি:দ্র:) বিজ্ঞ আদালত কর্তৃক কোন জলমহাল/ দাগ নিয়ে স্থিতাবস্থা/ অনুরূপ আদেশে থাকলে উক্ত জলমহাল/ দাগ ইজারা প্রদান করা হবে না। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউলের আবেদনপত্র আনলাইনে পূরণ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানের সময়সূচি:

| ক্র:নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | ০১ মাঘ হতে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি- ২৯ জানুয়ারি, ২০২৬) | অনলাইনে আবেদন দাখিল। | |
| ০২. | ১৮ মাঘ হতে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি- ০৩ ফেব্রুয়ারি, ২০২৬) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে দাখিল করতে হবে। | |
| ০৩. | ২২ মাঘ হতে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি- ১১ ফেব্রুয়ারি, ২০২৬) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই | |
| ০৪. | ২৯ মাঘ হতে ০৫ ফাল্গুন মধ্যে (১২ ফেব্রুয়ারি- ১৮ ফেব্রুয়ারি, ২০২৬) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | |
| ০৫. | ০৬ ফাল্গুন হতে ২৬ ফাল্গুন মধ্যে (১৯ ফেব্রুয়ারি- ১১ মার্চ, ২০২৬) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরন এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন | |
| ০৬. | ২৭ ফাল্গুন হতে ০২ চৈত্র মধ্যে (১২ মার্চ- ১৬ মার্চ, ২০২৬) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৭. | ০৩ চৈত্র হতে ১৫ চৈত্র মধ্যে (১৭ মার্চ- ২৯ মার্চ, ২০২৬) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহিতার সাথে চুক্তি সম্পাদন। | |
| ০৮. | ০১ বৈশাখ, ১৪ এপ্রিল, ২০২৬ | ইজারাগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | |

**শর্তাবলী:**

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এবং ১৪ মার্চ ২০১২ খ্রি. তারিখের সংশোধনী অনুযায়ী নিম্নবর্ণিত চেকলিস্ট অনুসরণ পূর্বক জলমহাল ইজারার সাধারণ আবেদন দাখিল করতে হবে।

(ক) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি;

(খ) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি;

(গ) মৎস্যজীবীদের জাতীয় পরিচয়পত্র;

(ঘ) মৎস্যজীবী পরিচয়পত্র (এফআইডি কার্ড) (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঙ) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা কতৃক প্রত্যয়নপত্র;

(চ) সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র;

(ছ) সমিতির গঠনতন্ত্র;

(জ) সমিতির সভার কার্যবিবরণী;

(ঝ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুলস অনুসারে);

(ঞ) ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে। নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণকের দরকার হবে না।

(ট) প্রতিটি শিডিউল ক্রয়ের জন্য নির্ধারিত কোডে ৫০০/- (পাঁচশত) টাকা চালানমূলে প্রদান করতে হবে। (জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১) জমা প্রদান করতে হবে।

০২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২০% আবেদন ফি বাবদ ৫০০/- টাকা অফেরতযোগ্য সোনালী/অগ্রণী ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার (মূল কপি) আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারা মেয়াদ শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৩। আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহীতাদের অনুকূলে আলাদাভাবে পত্র জারী করা হবে ও অনুমোদিত সমিতিরি তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টানানো হবে। ১ম বৎসরের ইজারামূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারার জমা খাত ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে এবং মোট ইজারামূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০১৪০/০১১১ নং এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নং কোডে জমা দিয়ে চালানের মূল কপি নিম্নোস্বাক্ষরকারীরর কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে ও নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়করসহ ইজারা মূল্য পরিশোধে ব্যার্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করে পুনরায় ইজারা প্রদান করা হবে।

০৪। ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারার মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারা দাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক) ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহাল দখল হস্তান্তর করা হবে না।

০৫। ইজারা গ্রহিতা জলমহালের আয়তন হ্রাস বৃদ্ধি করিতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে দখল করিতে না পারে তা ইজারা গ্রহিতা নিশ্চিত করবেন।

০৬। ইজারা গ্রহিতা কোন জলমহাল সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি উক্তরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রামানিত হয় তবে ইজারা বাতিল করে জলমহাল পুনরায় ইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে ইজারা গ্রহিতা/সমিতি ০৩ (তিন) বৎসরের মধ্যে আবেদন করতে পারবে না।

০৭। ইজারা গ্রহিতা জলমহাল সীমারেখা বজায় রাখবেন। জলমহাল পারে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবে না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলমহাল সরকারি সম্পত্তি সংরক্ষন করবে।

০৮। কোন সমিতি ইতিপূর্বে লিজ নেয়া জলাশয়ের ইজারা মূল্য বকেয়া থাকলে আবেদন ফরম গ্রহনের সময় বকেয়া পরিশোধের চালান কপি জমা দিতে হবে। ইজারা মূল্য বকেয়া রেখে/তথ্য গোন করলে জলমহাল ইজারা প্রাপ্তির যোগ্যতা থাকবে না।

০৯। ইজারা গ্রহিতা উর্দ্ধতন সরকারি কর্মকর্তা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

১০। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

১১। সর্বোচ্চ দরদাতার দরপত্র গ্রহণ করা হবে। দরপত্রে অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে ১ম বছরের ইজারা মূল্য পরিশোধ করতে হবে।

১২। ইজারা প্রাপ্ত সংগঠন কোন অবস্থাতেই ইজারা প্রাপ্ত জলাশয় সম্পূর্ণ কিংবা আংশিক সাব লীজ বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীর নিকট হস্তান্তর করতে পারবে না।

১৩। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/প্রতিষ্ঠান দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না। কোন মৎস্যজীবী সমিতি প্রথম জলমহালের ইজারা মূল্য বকেয়া রেখে ২য় জলমহাল ইজারা নিতে পারবেন না।

১৪। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বাসম্পূর্ণ দরপত্র বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/০৩/২০২৫

(এম. আব্দুল্লাহ ইবনে মাসুদ আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
শেরপুর, বগুড়া
টেলিফোন : ০২৫৮৯৯০৯২০১
ই-মেইল: unosherpurbogra@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শেরপুর, বগুড়া
(acl.sherpur.bogra.gov.bd)

স্মারক নং ৩১.৫০.১০৮৮.০০০.০৪.০০৩.২৬- ১১(ক)

তারিখ: ২১ পৌষ, ১৪৩২
০৫ জানুয়ারি, ২০২৬

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, বগুড়া
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, শেরপুর, বগুড়া
০৪। সহকারি কমিশনার (ভূমি), শেরপুর, বগুড়া। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তাদের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
০৫। উপজেলা.................................... অফিসার (সকল), শেরপুর, বগুড়া। তাঁর অফিস নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি ঝুলাইয়া বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
০৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান-১ ও ২/প্রশাসক..............................ইউনিয়ন পরিষদ (সকল), শেরপুর, বগুড়া। বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলাইয়া বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
০৭। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা.............................. ইউনিয়ন তাকে বিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
০৮। সভাপতি/সম্পাদক, ....................................মৎস্যজীবি সমবায় সমিতি, শেরপুর, বগুড়া
০৯। সভাপতি/সম্পাদক, শেরপুর প্রেস ক্লাব, শেরপুর, বগুড়া
১০। অফিস কপি/নোটিশ বোর্ড।

০৫/০১/২৬

(মোঃ মাহমুদুল হাসান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
শেরপুর, বগুড়া